# কৌশলগত পরিকল্পনা

## ২০২৫- ২০৩০

দ্য ফ্রিডম ফান্ড

THE FREEDOM FUND



সমগ্র নেপাল থেকে জাতীয় হারাওয়া-চারাওয়া অধিকার ফোরামের (National Harawa-Charawa Rights Forum) সদস্যগণ জাতীয় পর্যায়ের সভায় যোগদানের জন্য সমবেত হয়েছেন ©Filmatory Nepal/দ্য ফ্রিডম ফান্ড

# সূচনা

২০২৪ সালে, আমরা আধুনিক দাসত্বের অবসানে সহযোগিতার এক দশক উদযাপন করেছি - আমাদের নেতৃস্থানীয় অংশীদারদের সাহসী উদ্যোগগুলো উদযাপন করেছি এবং একইসাথে আমাদের ভবিষ্যৎ গুরুত্বপূর্ণ কাজগুলোকে স্বীকৃতি প্রদান করেছি। এটিকে পুনর্বিবেচনা ও পুনরায় ভাবার জন্য একটি উপযুক্ত মুহূর্ত বলে মনে হয়েছিল। আমাদের পরবর্তী পর্যায়ে ফ্রিডম ফান্ড এর কোথায় যাওয়া উচিৎ এ বিষয়ে এক বছর ধরে আমরা কর্মী, বোর্ড সদস্য, অনুদানপ্রাপ্ত অংশীদার, সম্মুখ সারির নেতা, দাসত্বের অভিজ্ঞতা থাকা বিশেষজ্ঞ, দাতা ও সমমনা প্রতিষ্ঠানের কাছে জানতে চেয়েছি।

এই প্রক্রিয়া থেকে আমরা এক নতুন স্পষ্ট দৃষ্টিভঙ্গি ও দৃঢ় সংকল্প নিয়ে বেরিয়ে এসেছি এই বাস্তবতার উপর ভিত্তি করে যে, লক্ষ লক্ষ মানুষ শোষণের ক্রমবর্ধমান ঝুঁকিতে বাস করছে। এখন পর্যন্ত আমরা যা যা শিখেছি তার উপর ভিত্তি করে, আমাদের ২০২৫- ২০৩০ কৌশলে একটি নতুন লক্ষ্য অন্তর্ভুক্ত হয়েছে যার স্পষ্ট থাকবে মনোযোগ সম্মুখ সারির সংগঠন ও আন্দোলনগুলোতে বিনিয়োগের, পরিবর্তনের একটি তত্ত্ব এবং আমাদের মূল মূল্যবোধের একটি সম্প্রাসারণের উপর, যা প্রকৃত সহযোগিতার প্রতি আমাদের নিষ্ঠাকে তুলে ধরে। এটি আগামী ছয় বছরের জন্য স্পষ্ট কৌশলগত অগ্রাধিকারের রূপরেখা তুলে ধরেছে, আমাদের অংশীদারদের আরো ভালোভাবে সহায়তা করতে ও সম্মুখ সারিতে তহবিল পৌঁছানোয় অগ্রাধিকার দেওয়ার জন্য আমরা কী কী গুরুত্বপূর্ণ পরিবর্তন আনবো এমন বিষয়গুলো আমরা কীভাবে অগ্রগতি পরিমাপ করবো।

পরিশেষে, এই কৌশলটি কেবলমাত্র কোনো অভ্যন্তরীণ নির্দেশিকা  নয়, বরং আমাদের সম্মুখ সারির অংশীদারদের ও বৃহত্তর অর্থে দাসপ্রথা বিরোধী খাতের প্রতি একটি নতুন অঙ্গীকার।










ছবি, উপর থেকে নিচে: ফ্রিডম ফান্ডের ব্রাজিল হটস্পট প্রোগ্রামে অংশগ্রহণকারী কিশোর-কিশোরী এবং পেশাদারদের সনদ প্রদান অনুষ্ঠান ©Natália Corrêa/ দ্য ফ্রিডম ফান্ড; ফ্ল্যাভিয়ান ২০২৩ সালে মাইশা গার্লস সেফ হাউসে ফ্রিডম ফান্ড প্রকল্পে যোগদান করেন এবং তারপর থেকে একটি হেয়ার সেলুনে চাকরি পান ©Melanie Hargreaves/ দ্য ফ্রিডম ফান্ড; ডোমানি ফ্রিডম ফান্ড থেকে প্রাপ্ত অর্থ দিয়ে তার মুদি দোকানের ব্যবসা প্রতিষ্ঠা করেন এবং ফ্রিডম ফান্ডের অংশীদার জনচেতনা দলিত সঙ্গম দ্বারা পরিচালিত একটি সঞ্চয় গোষ্ঠীর অংশ © Eva Jew/ দ্য ফ্রিডম ফান্ড; ফ্রিডম ফান্ডের অংশীদার স্টেলা মারিস দ্বারা জেলেদের প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ প্রদান করা হয়
©Overgrown productions/ দ্য ফ্রিডম ফান্ড

# আমরা যা জানি

## দাসপ্রথা এখনো রয়ে গেছে

আনুমানিক ৫০ মিলিয়ন মানুষ বাস করছে আধুনিক দাসপ্রথার অধীনে, যেটি একটি বিস্তৃত পরিভাষা যা দিয়ে বিভিন্ন ধরণের চরমতম শোষণকে) extreme exploitation(বোঝানো হয়, যার মধ্যে রয়েছে মানব পাচার (human trafficking), শৃঙ্খলিত ও বাধ্যতামূলক শ্রম (bonded and forced labour), নিকৃষ্ট প্রকারের শিশুশ্রম (worst forms of child labour), বাণিজ্যিক যৌন শোষণ (commercial sexual exploitation), জোরপূর্বক বিবাহ (forced marriage) এবং গৃহকর্মের ক্রীতদাসত্ব (domestic servitude) । এই ৫০ মিলিয়নের এক-তৃতীয়াংশ বেসরকারি খাতের সরবরাহ শৃঙ্খলে শোষিত হয়। প্রায় এক-চতুর্থাংশ মানুষ ফ্রিডম ফান্ডের বর্তমান মনোযোগস্থল বাংলাদেশ, ব্রাজিল, ইথিওপিয়া, ইন্দোনেশিয়া, কেনিয়া, মায়ানমার, নেপাল ও নাইজেরিয়ায় বাস করে। নারী, শিশু ও অভিবাসী শ্রমিকগণ অন্যদের তুলনায় বেশি ভোগান্তিতে পড়েন। আধুনিক দাসত্ব মানবাধিকার কে মারাত্মকভাবে লঙ্ঘন করে এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও পরিবেশগত সমস্যাসহ বিভিন্ন আন্তঃসম্পর্কিত সংকট দ্বারা চালিত হয়। বিশ্বের অনেক স্থানেই এটি বৃদ্ধি পাচ্ছে এবং জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় নির্ধারিত ২০৩০ সালের মধ্যে আধুনিক দাসত্বের অবসান ঘটানোর প্রতিশ্রুতি থেকে বিশ্ব সম্প্রদায় অনেক পিছিয়ে আছে।

## সম্মুখ সারির প্রতিষ্ঠানগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে

সুগভীরে প্রোথিত ও অন্যায্য ব্যবস্থাগুলোকে সবচেয়ে কার্যকরভাবে ভেঙে ফেলা সম্ভব তাদের দ্বারা যারা সেগুলোকে সবচেয়ে ভালোভাবে জানেন - তারা হলেন ব্যক্তিগতভাবে ক্ষতিগ্রস্থ ব্যক্তি এবং তারা যে প্রতিষ্ঠানগুলো পরিচালনা ও বিশ্বাস করেন। দাসপ্রথা বিরোধী সম্মুখ সারির প্রতিষ্ঠানগুলো স্থানীয় পরিবেশের সাথে গভীরভাবে সম্পৃক্ত। যাদের সাহায্য করে তাদের প্রতি দায়বদ্ধ এবং দীর্ঘমেয়াদী পরিবর্তন আনার জন্য নিবেদিতপ্রাণ। কিন্তু তাদের অনেকেই ঐতিহাসিক ও পদ্ধতিগতভাবে পর্যাপ্ত সংস্থান ও আর্থিক সহায়তার অভাব রয়েছে। দাসত্বের অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের নেতৃত্ব যেকোনো কার্যকর সামাজিক আন্দোলনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে ঐতিহাসিকভাবে দেখা গেলেও, আধুনিক দাসত্ব থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের (survivors) নেতৃত্বে পরিচালিত সংগঠনগুলো উল্লেখযোগ্য অবহেলা ও আর্থিক বিনিয়োগহীনতার সম্মুখীন হয়েছে। এক দশক ধরে সম্মুখ সারি ও দাসত্ব থেকে বেঁচে ফেরা মানুষদের নেতৃত্বাধীন প্রতিষ্ঠানের (survivor-led organisations) সাথে অংশীদারিত্বের পর, আমাদের কাছে প্রমাণ আছে যে যখন তারা পর্যাপ্ত তহবিল ও সহায়তা পায় এবং সংযুক্ত থাকে তখন কী কী অর্জন করা সম্ভব।

## দাসপ্রথা বিরোধী সম্মুখ সারির প্রতিষ্ঠানগুলোর জন্য আমাদের সমর্থন এখন আগের চেয়েও বেশি প্রয়োজন

আন্তর্জাতিক শ্রম সংস্থার মতে, “বাধ্যতামূলক শ্রমের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এখন বিনিয়োগ আগের চেয়ে অনেক বেশি জরুরি।” সাম্প্রতিক এক প্রতিবেদনে বাধ্যতামূলক শ্রম বন্ধের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ ২১২ বিলিয়ন ডলার বলে একটি হিসেব করা হয়েছে এবং এই পরিমাণ ক্রমবর্ধমান, আর তুলনায় জনহিতকর ও সরকারি তহবিল নিতান্তই অপর্যাপ্ত। উচ্চ-আয়ের দেশগুলোর দাতারা আধুনিক দাসত্বের সম্মুখ সারিতে থাকা ব্যক্তিদের মূলত নাগালের বাইরে, এবং তহবিল পাওয়ার কঠোর শর্তাবলী প্রায়শই প্রতিষ্ঠানগুলোর স্বায়ত্তশাসন ও প্রভাবকে বাধাগ্রস্ত করে। আর্থিক সহায়তা সহায়ক হলেও, দিনশেষে, প্রতিষ্ঠানগুলো স্পষ্টভাবেই গুরুত্ব আরোপ করে যে তাদের প্রাথমিক প্রয়োজন হলো দীর্ঘমেয়াদী নমনীয় ফান্ড। আন্দোলন গড়ে তোলার জন্য সুচিন্তিত সুযোগ না থাকলে, সম্পদের জন্য প্রতিযোগিতা এবং আস্থার অভাব সিস্টেম পরিবর্তনের জন্য প্রয়োজনীয় সহযোগিতাকে বাধাগ্রস্ত করতে পারে।

## দাসপ্রথা বিরোধী সম্মুখ সারির প্রতিষ্ঠান ও আন্দোলনগুলোকে তহবিল প্রদান, একত্রিত করার এবং সহায়তা প্রদানের জন্য ফ্রিডম ফান্ড আদর্শ অবস্থানে রয়েছে।

আধুনিক দাসত্বের অবসানের জন্য সম্মুখ সারির উদ্যোগকে সহায়তা করার জন্য নিবেদিত একটি সহযোগীতামূলক তহবিল হিসেবে, আমরা একটি গুরুত্বপূর্ণ শূন্যস্থান পূরণ করছি: আমাদের অংশীদারদের নাগালের বাইরে থাকা তহবিল সংগ্রহ করা ও এটিকে সুনির্দিষ্ট ও কেন্দ্রীভূত বিনিয়োগে রূপান্তরিত করা যা তাদের কাজকে উন্নত করে ও সিস্টেমে বৃহৎ আকারের পরিবর্তন আনে। স্থানীয়ভাবে পরিচালিত কার্যকর দাসপ্রথা বিরোধী হস্তক্ষেপ শনাক্তকরণ ও অর্থায়নের ক্ষেত্রে কোনটি কাজ করে (এবং কোনটি করে না) তা আমরা শিখেছি। ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলোকে সম্মুখ সারিতে রেখে এবং শক্তিশালী আন্দোলনের বিকাশকে সক্ষম করে এমন সহযোগিতামূলক অবকাঠামোতে বিনিয়োগ করার মাধ্যমে আমরা সহযোগিতা বৃদ্ধির এক অনন্য ক্ষমতা তৈরি করেছি। আমরা আগের চেয়ে আরো বেশি স্পষ্টতা, দৃঢ়তা ও মনোযোগের সাথে আমাদের পরবর্তী পর্যায়ে জন্য এগিয়ে যাচ্ছি।

# আমাদের মূল্যবোধ



## শ্রদ্ধা

দাসত্বের দ্বারা সরাসরি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জ্ঞান ও নেতৃত্বকে আমরা শ্রদ্ধা করি

আমাদের পূর্বে কাজ করা এবং আমাদের সাথে কাজ করেছেন এমন সবাইকে আমরা স্বীকৃতি প্রদান করি

আমরা চ্যালেঞ্জের মধ্য দিয়ে একে অপরকে সহায়তা করি এবং সাফল্যের কৃতিত্ব ভাগ করে নেই

আমরা কখনই ভুলে যাই না যে দাতাগণ তাদের তহবিলের মাধ্যমে প্রকৃত পরিবর্তন আনার জন্য আমাদের উপর আস্থা রাখেন।



## শ্রেষ্ঠত্ব

আমরা বিনিয়োগকৃত তহবিলের মাধ্যমে আমরা সম্ভাব্য সর্বাধিক ফলাফল অর্জনের চেষ্টা করি

আমরা সর্বোত্তম উপলব্ধ প্রমাণের ভিত্তিতে সবচেয়ে কার্যকর পদ্ধতিগুলোতে বিনিয়োগ করি।

আমরা ক্রমাগত আমাদের ভুলগুলি শোনার এবং এর থেকে শেখার চেষ্টা করি।

আমরা বিস্তারিতভাবে মনোযোগ দেই।




## সাহস

দাসপ্রথা অবসানের লড়াইয়ে সম্মুখ সারিতে থাকা ব্যক্তিদের সাথে আমরা একাত্মতা প্রকাশ করি

আমরা এমন জায়গায় ও বিষয়ে কাজ করি যেখানে সাফল্য দ্রুত বা সহজ নাও হতে পারে

আমরা সুচিন্তিত ঝুঁকি নিতে ভয় পাই না

আমরা স্পষ্ট ও সহজভাবে কথা বলি



## সহযোগিতা

আমরা বিশ্বাস করি যে বৃহৎ আকারের পরিবর্তন অর্জনের জন্য সহযোগিতা প্রয়োজন

আমরা সম্প্রদায় ও অংশীদারদের অগ্রাধিকারের প্রতি সক্রিয় মনোযোগ দেই

আমরা ক্ষমতা ও সম্পদ ভাগ করে নেওয়ার  মাধ্যমে বিনয়ের চর্চা করি

আমরা আমাদের প্রতিশ্রুতি পূরণ করি এবং সর্বোত্তম অংশীদার হওয়ার প্রচেষ্টা করি

# আমাদের পরিবর্তন তত্ত্ব

## সমস্যা
দাসপ্রথা এখনো রয়ে গেছে। বর্তমানে বিশ্বজুড়ে আনুমানিক 50 মিলিয়ন মানুষ আধুনিক দাসত্বের শিকার।

## আমাদের লক্ষ্য
দাসত্ব ব্যাপকভাবে রয়েছে এমন দেশ ও শিল্পগুলোতে আধুনিক দাসত্বের পরিমাপযোগ্য হ্রাস ঘটাতে আমরা সম্মুখ সারির প্রতিষ্ঠান ও আন্দোলনগুলোতে বিনিয়োগ করে থাকি।

অন্তর্দৃষ্টি (ধারণা/অনুমান)

কার্যক্রম/পদক্ষেপ গ্রহণ

কার্যক্রমের ফলাফল

## সংস্থান সংগ্রহ

আধুনিক দাসত্বের অবসান ঘটাতে চেষ্টা করা সম্মুখ সারির গ্রুপগুলো ধারাবাহিকভাবে সংস্থানের অভাব রয়েছে এবং দাতারা তাদের খুঁজে বের করতে এবং তহবিল প্রদান করতে হিমশিম খাচ্ছেন

আমরা আধুনিক দাসত্বের অবসানের সাধারণ লক্ষ্যকে কেন্দ্র করে বিভিন্ন স্বার্থের দাতাদের একত্রিত করি এবং সম্মুখ সারির উদ্যোগগুলোকে সহায়তা করার উপর এর গুরুত্ব কে প্রচার করি।

দাসপ্রথা বিরোধী খাতের এখন আরো বেশি সমর্থন ও সম্পদ রয়েছে এবং দাতাদের তহবিল সর্বোচ্চ ফলাফলের জন্য কাজে লাগানো হয়।

## দায়িত্বশীল সরবরাহ শৃঙ্খল

ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে তাদের সরবরাহ শৃঙ্খলে (supply chains) শ্রমিকদের শোষণে অবদান রাখে এমন আচরণ পরিবর্তন করতে উৎসাহিত করতে হবে।

দায়িত্বশীল সরবরাহ শৃঙ্খলকে (supply chains) উৎসাহিত করতে এবং সম্মুখ সারির প্রতিষ্ঠানগুলোকে নেতৃত্বের ভূমিকা পালনের জন্য প্রস্তুত করতে আমরা তদন্ত, প্রচারণা ও মামলা-মোকদ্দমায় তহবিল প্রদান করি।

সম্প্রদায় ও শ্রমিকদের দ্বারা অবহিত হয়ে ব্যবসা প্রতিষ্ঠানগুলো তাদের সরবরাহ শৃঙ্খলে (supply chains) বাধ্যতামূলক শ্রম নির্মূল করার জন্য বিশ্বাসযোগ্য পদক্ষেপ গ্রহণ করে।

## সম্মুখ সারির হটস্পটসমূহ

প্রান্তিক সম্প্রদায়ের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা সম্মুখ সারির প্রতিষ্ঠানগুলো আধুনিক দাসত্ব ব্যবস্থাকে ভেঙে দেওয়ার জন্য অনন্য অবস্থানে আছে।

স্থানীয় ও দাসত্ব থেকে বেঁচে যাওয়া নেতাদের ) survivor leaders( অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে বিশ্বজুড়ে এমন হটস্পটগুলো যেখানে দাসত্ব ব্যাপকভাবে রয়েছে সেইসব সম্মুখ সারির প্রতিষ্ঠান ও আন্দোলনগুলোকে আমরা তহবিল প্রদান, একত্রিত হই ও সহায়তা প্রদান করি।

সুশীল সমাজ শোষণমূলক ব্যবস্থার রূপান্তরের মাধ্যমে আধুনিক দাসত্বকে সহযোগিতামূলক ও টেকসইভাবে হ্রাস ও প্রতিরোধ করতে সক্ষম।

## গবেষণা ও জ্ঞান ভাগ করে নেওয়া

তথ্য এবং শিক্ষা একে অপরকে ভাগ করার মাধ্যমে কার্যকর ভাবে বাস্তবায়নকে সক্ষম করে, যার ফলে আরও তহবিল বৃদ্ধি পায় এবং বিশ্বব্যাপী দাসত্বের পরিমাণ আরও কমানো যায়।

আধুনিক দাসত্বের অবসানে কী কাজ করে এবং আমাদের গুরুত্বপূর্ণ কেন্দ্রস্থলগুলোতে এর মাত্রা ও প্রকৃতি সম্পর্কে আমরা ব্যবহারিক জ্ঞান তৈরি ও একে ওপরের সাথে ভাগ করে নিই।

দাতা ও সরকার প্রমাণ-ভিত্তিক, স্থানীয়ভাবে পরিচালিত পদ্ধতি গ্রহণের মাধ্যমে দাসপ্রথা বিরোধী প্রতিষ্ঠান গুলো অধিক কার্যকর হয়ে ওঠে।

## আমাদের দৃষ্টিভঙ্গি
দাসত্বমুক্ত পৃথিবী

# আমরা কীভাবে পরিবর্তিত হচ্ছি

## আমাদের লক্ষ্য পূরণ ও আমাদের মূল্যবোধকে বাস্তবায়িত করার জন্য, আমরা যা যা করবো:

### 1 সম্মুখ সারির প্রতিষ্ঠানের তহবিলদাতা হিসেবে আমাদের ভূমিকার আমরা অঙ্গীকারবদ্ধ হবো এবং নেতৃত্ব দেওয়ার জন্য অংশীদারদের আরও সুযোগ তৈরি করবো।

ফ্রিডম ফান্ডের প্রাথমিক উদ্দেশ্য হলো দাসপ্রথা বিরোধী সম্মুখ সারির প্রতিষ্ঠান ও আন্দোলনগুলোকে তহবিল প্রদান, একত্রিত ও সহায়তা করা। আমাদের অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, উদ্ভাবন ও খাপ খাইয়ে নেয়ার জন্য সুযোগ ও সংস্থান দেওয়া সম্মুখ সারির অংশীদারদের কাছ থেকে সেরা সমাধানগুলো আসে। আমরা ফ্রিডম ফান্ড কর্তৃক বাস্তবায়িত বা নির্দেশিত উদ্যোগগুলো থেকে তহবিল সরিয়ে অংশীদার প্রতিষ্ঠানগুলোর প্রতি অর্থায়নের দিকে ধাবিত হবো। আমরা খোলাখুলিভাবে সংস্থান, নির্দেশিকা ও আমাদের নিজস্ব শিক্ষা ভাগ করে নেব যা অনুদানপ্রাপ্ত অংশীদারদের চাহিদা পূরণ করে এবং পাশাপাশি কৌশল ও বাস্তবায়নে তাদের স্বায়ত্তশাসন নিশ্চিত করে। আমরা অনুদান প্রদানের নতুন নতুন পদ্ধতিও অন্বেষণ করবো যার কেন্দ্রে আছে ন্যায্যতা ও ক্ষমতা ভাগাভাগি।

### 2 যে সমস্ত ভৌগোলিক অঞ্চলে দাসত্ব ব্যাপকভাবে রয়েছে এমন অঞ্চলে আমাদের সম্পদগুলোকে একীভূত ও কেন্দ্রীভূত করবো।

গত দশক ধরে আমাদের আন্দোলন নির্মাণ কর্মসূচি (movement building programs) থেকে প্রাপ্ত শিক্ষা ও অভিজ্ঞতা অন্তর্ভুক্ত করার জন্য আমরা আমাদের হটস্পট মডেলটি আপডেট ও উন্নত করেছি। অতীতে, এই প্রোগ্রামগুলো আমাদের ভৌগোলিকভাবে কেন্দ্রীভূত হটস্পট প্রোগ্রামগুলো থেকে আলাদাভাবে কাজ করেছে। আমরা আমাদের হটস্পটগুলোতে ফ্রিডম রাইজিং লিডারশিপ প্রোগ্রামকে একীভূত করবো এবং সারভাইভার লিডারশিপ ফান্ড (Survivor Leadership Fund) যা আগে হটস্পট ও সংলগ্ন দেশগুলোতে পরিচালিত হত) এখন কেবল আমাদের হটস্পট দেশগুলোতে পরিচালিত হবে। এই সমন্বিত মডেলটির মাধ্যমে আমরা আমাদের হটস্পট দেশগুলোর অংশীদারদের জন্য আরো বিস্তৃত ও গভীরতর সহায়তা প্রদান করতে পারবো।








ছবি, উপর থেকে নিচে: ফ্রিডম ফান্ডের অংশীদার ইন্দোনেশিয়া ওশান জাস্টিস ইনিশিয়েটিভ এবং সেন্ট্রাল জাভা প্রদেশের সরকারের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর ©Armin Hari/দ্য ফ্রিডম ফান্ড; মধ্যপ্রাচ্য থেকে ইথিওপিয়ায় ফিরে আসা একজন অভিবাসী সম্রাভিত, ফ্রিডম ফান্ডের অংশীদার আগার ইথিওপিয়ার মাধ্যমে তার খাদ্য প্রস্তুতির কোর্স করছেন ©Genaye Eshetu/দ্য ফ্রিডম ফান্ড; হারাওয়া-চারওয়া রাইটস ফোরামের কেন্দ্রীয় চেয়ারম্যান রাজবতী মণ্ডল, নেপাল সরকারের হারাওয়া-চারওয়া জনগণের মুক্তির ঘোষণার বিষয়ে সংবাদমাধ্যমের সাথে কথা বলছেন ©Niranjan Shrestha/দ্য ফ্রিডম ফান্ড




সূচনা বছরের উদ্বোধনী অনুষ্ঠান  - নাপাক ও মোরোতো ডিস্ট্রিক্ট জুড়ে শিশু শোষণ মোকাবেলার প্রকল্প দিয়ে শুরু হওয়া কারামোজায় উগান্ডা হটস্পট প্রোগ্রামের ©Robert Ilukol/The Freedom Fund

## 3 আমাদের অনুদান প্রদান ও সংস্থান সংগ্রহের ক্ষেত্রে আরো নমনীয় অর্থায়নের উপর অগ্রাধিকার প্রদান করবো।

আমরা স্বীকার করি যে উদ্ভাবন, সহযোগিতা ও টেকসই কর্মকান্ডের জন্য দীর্ঘমেয়াদী, নমনীয় অর্থায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। যখনই সম্ভব হবে, আমরা বহু-বছরব্যাপী, নমনীয় অনুদান প্রদান করবো এবং অপ্রয়োজনীয় বিধিনিষেধ ও রিপোর্টিংয়ের শর্ত দূর করবো। আমরা নমনীয় অর্থায়ন প্রদানকারী দাতাদের সাথে কাজ করার উপর মনোনিবেশ করবো এবং আরো নমনীয় হওয়ার জন্য অন্যদের প্রভাবিত করতে কাজ করবো।

## 4 আরো টেকসই ও ন্যায়সঙ্গত অভ্যন্তরীণ কার্যক্রম গড়ে তুলবো

প্রোগ্রামগুলোর একীকরণ ও সম্মুখ সারির অংশীদারদের কাছে অনুদান প্রদানের জন্য সংস্থানের স্থানান্তরকে সর্বোত্তমভাবে সমর্থন করার জন্য প্রয়োজনে আমরা আমাদের দলগুলোকে পুনর্গঠিত করবো। আমরা আমাদের কর্মীদের সম্প্রদায় ও অংশীদারদের যতটা সম্ভব কাছাকাছি রাখার কৌশল অব্যাহত রাখবো।

# আমাদের গন্তব্য

## আগামী ছয় বছরে, আমরা যা যা করবো:

### 1 আধুনিক দাসত্বের দ্বারা ক্ষতিগ্রস্থ সম্প্রদায়গুলোতে সরাসরি তহবিল প্রদান করবো

আমরা বিশ্বাস করি যে বর্তমান সম্প্রদায়ের সুরক্ষা ও মুক্তিকে সমর্থন করার পাশাপাশি দীর্ঘমেয়াদে দাসপ্রথার মূলোৎপাটনের দিকে কাজ করা সম্ভব। আমাদের সম্মুখ সারির অংশীদারগণ তাদের সম্প্রদায়ের চাহিদা বোঝেন, তাই আমরা আমাদের হটস্পট জুড়ে দাসত্ব থেকে মুক্তি পেতে ও তাদের জীবন পুনর্গঠনের উদ্দেশ্যে দাসত্ব থেকে বেঁচে ফেরাদের জন্য (survivors) শিক্ষা, শ্রমিক সংগঠন ও সহায়তার জন্য তাদের বিভিন্ন পরিসরের কাজে তহবিল প্রদান অব্যাহত রাখবো। ২০৩০ সালের শেষ নাগাদ বিশ্বব্যাপী ২.৫ মিলিয়ন ব্যক্তির জীবনে সরাসরি প্রভাব ফেলতে আমরা আমাদের হটস্পট অংশীদারদের সহায়তা করবো - যারা বর্তমানে দাসত্বের পরিস্থিতি ও ঝুঁকিতে রয়েছেন উভয়কেই সহায়তা করবো। আটটি দেশে বর্তমানে আমাদের দশটি হটস্পট প্রোগ্রামের পাশাপাশি, আগামী ছয় বছরে আমরা আরো তিনটি প্রোগ্রাম খোলার পরিকল্পনা করছি।

### 2 ক্ষমতা স্থানান্তরের জন্য সিস্টেমের পরিবর্তনকে উৎসাহিত করবো

আমরা বিশ্বাস করি যে আধুনিক দাসত্বের অবসানের জন্য সম্মিলিত শক্তিই মূল চাবিকাঠি, এবং আমরা Communities of Practice-এর মাধ্যমে সহযোগিতা সহজতর করবো যা সিস্টেমের বৃহৎ আকারের পরিবর্তনের জন্য কাজ করা বিভিন্ন স্থানীয় অংশীজনদের একত্রিত করবে। আমরা আধুনিক দাসত্বের অন্তর্নিহিত কারণগুলি মোকাবেলায়, ক্ষমতাধরদের অপব্যবহারের জন্য জবাবদিহি করতে এবং নীতি ও সামাজিক নিয়ম পরিবর্তন করতে সম্প্রদায়গুলিতে কাজ করা সম্মুখসারির সংস্থাগুলিকে সমর্থন করব, যার মধ্যে সরকার ও ব্যবসার সাথে জড়িত থাকা এবং জলবায়ু পরিবর্তন এবং জোরপূর্বক অভিবাসনের মতো আন্তঃসংযোগকারী সংকট মোকাবেলা করা অন্তর্ভুক্ত। আমাদের দায়িত্বশীল সরবরাহ শৃঙ্খল উদ্যোগের মাধ্যমে, আমরা কর্পোরেশনগুলিকে তাদের সরবরাহ শৃঙ্খলে জোরপূর্বক শ্রম নির্মূল করতে উৎসাহিত করার জন্য তদন্ত, অ্যাডভোকেসি এবং কৌশলগত মামলা-মোকদ্দমা তহবিল প্রদান করব এবং এই প্রচেষ্টার নেতৃত্ব দেওয়ার জন্য ফ্রন্টলাইন গোষ্ঠীগুলিক) তৈরি করব। ২০৩০ সালের শেষ নাগাদ, ফ্রিডম ফান্ড সমর্থিত অংশীদারগণ 20 মিলিয়ন মানুষকে এমন সম্প্রদায়ে বসবাস করতে সক্ষম করবে যেখানে শোষণের বিরুদ্ধে শক্তিশালী প্রতিরোধ থাকবে এবং সরকার, ব্যবসা প্রতিষ্ঠান ও সমাজকে আধুনিক দাসত্বের প্রতি তাদের প্রতিক্রিয়া জোরদার করতে প্রভাবিত করবে।

## 3 সুশীল সমাজের প্রতিষ্ঠান ও আন্দোলনগুলোকে শক্তিশালী করার জন্য বিনিয়োগ করবো, বিশেষ করে যেসব আন্দোলন দাসত্ব থেকে বেঁচে ফেরা ব্যক্তি (survivors) ও সম্প্রদায়ের নেতৃত্বে পরিচালিত হয়

আমরা কেবল স্বতন্ত্র প্রোগ্রাম নয়, আন্তঃসম্পর্কিত প্রতিষ্ঠানের বাস্তুতন্ত্রে ) ecosystems( বিনিয়োগ করি। নমনীয় তহবিল, দীর্ঘমেয়াদী সম্পর্ক ও আমাদের সাংগঠনিক সক্ষমতা মূল্যায়ন টুলের (Organisational Capacity Assessment Tool) মাধ্যমে, আমরা কৌশলগতভাবে শক্তিশালী প্রতিষ্ঠান ও আন্দোলন গড়ে তোলার ক্ষেত্রে অবদান রাখবো। হটস্পট দেশগুলোতে আমাদের সারভাইভার লিডারশিপ ফান্ডের (Survivor Leadership Fund) মাধ্যমে দাসত্বের অভিজ্ঞতা থাকা ব্যক্তিদের নেতৃত্বকে আমরা অগ্রাধিকার দেবো। আমরা বৈশ্বিক ফোরামসমূহে সম্মুখ সারির নেতাদের কণ্ঠস্বরও তুলে ধরব, যাতে তারা তাদের প্রভাব ও প্রোফাইল তৈরি করতে পাবেন। ২০৩০ সালের শেষ নাগাদ আমরা কমপক্ষে ৫০০ জন সম্মুখ সারির অংশীদারের সাংগঠনিক উন্নয়নে সহায়তা করবো, যার মধ্যে দাসত্ব থেকে বেঁচে ফেরা ব্যক্তিদের নেতৃত্বাধীন 200 টি প্রতিষ্ঠানও থাকবে।



## 4 দাসপ্রথা বিরোধী খাতকে সর্বোত্তম চর্চা গ্রহণ করতে প্রভাবিত করবো

আমরা একা আধুনিক দাসত্বের অবসান ঘটাতে পারবো না, এবং গত দশকে আধুনিক দাসত্বের বিরুদ্ধে লড়াই করার জন্য কী কাজ করে তা বোঝার ক্ষেত্রে অগ্রগতি হলেও কার্যকর, স্থানীয়ভাবে পরিচালিত উদ্যোগের প্রসারের জন্য আমাদের আরো অনেক কাজ করতে হবে। বেঁচে ফেরা ব্যক্তি (survivors) ও সম্মুখ সারির প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্বে আমরা আধুনিক দাসত্বের প্রকৃতি ও মাত্রা সম্পর্কিত গবেষণায় বিনিয়োগ করবো এবং দাসত্ব বিরোধী প্রধান প্রধান অংশীজনদের সাথে আমাদের অন্তর্দৃষ্টি ভাগ করে নেবো। আমরা যোগাযোগ ও একত্রিত করা এবং আমাদের অংশীদারদের কাজকে তুলে ধরার মাধ্যমে অন্যান্য দাসপ্রথা বিরোধী প্রতিষ্ঠান দ্বারা গৃহীত প্রোগ্রামিং ও গবেষণায় সবচেয়ে কার্যকর পদ্ধতিতে অবদান রাখতে সক্রিয়ভাবে অবদান রাখবো।

## 5 সম্পদ সংগ্রহ করবো এবং অনুদানগ্রহীতা ও দাতা উভয়ের জন্যই একটি মূল্যবান তহবিল অংশীদার হিসেবে কাজ করবো

আমরা জানি যে শোষণ মূলত ক্ষমতার ভারসাম্যহীনতার কারণ, এবং জনহিতকর ডলার (philanthropic dollars) সম্মুখ সারির গোষ্ঠীগুলির হাতে ক্ষমতার একটি রূপ। সমন্বিত তহবিলের মাধ্যমে আমরা আধুনিক দাসত্বের অবসানে অভিন্ন স্বার্থসম্পন্ন দাতাদের একত্রিত করবো। দাসপ্রথা বিরোধী সম্প্রদায়ের জন্য আরো ভালো ও উন্নত তহবিলের জন্য আমরা দাতা সম্প্রদায়ের সাথে আমাদের কাজের সেরা অনুশীলনের উদাহরণ প্রদান করবো। আমরা শোষণ এবং অন্যান্য বৈশ্বিক সংকটের মধ্যে সংযোগ স্থাপন করব। ২০৩০ সালের শেষ নাগাদ, আমরা ৩৫০ মিলিয়ন ডলারের ক্রমবর্ধমান তহবিল সংগ্রহের প্রতিশ্রুতি নিবো

ছবি: ইন্দোনেশিয়ায় সারভাইভার লিডারশিপ ফান্ডে ) Survivor Leadership Fund ( আয়োজন ©Saldi Ali/ দ্য ফ্রিডম ফান্ড

# উপসংহার





আমরা আধুনিক দাসত্বের অবসানের প্রতিশ্রুতিতে অটল এবং বিশ্বজুড়ে সমদৃষ্টিভঙ্গির প্রতিষ্ঠান ও দাতাদের সাথে অংশীদারিত্বের প্রতি নিবেদিতপ্রাণ।

আমাদের সমস্যাটি অনেকেই বিশাল বা সমাধান করা খুব জটিল বলে মনে করেন, কিন্তু আমরা জানি তা সঠিক নয়। কী কাজ করে তার প্রমাণ আমাদের কাছে আছে, পরিবর্তনের জন্য স্পষ্ট প্রক্রিয়া/ সিস্টেম আছে এবং শোষণ ব্যবস্থা ভেঙে ফেলার জন্য সক্ষম শক্তিশালী সম্মুখ সারির আন্দোলন (frontline Movements) রয়েছে।

সম্মিলিতভাবে, আমরা দাসত্বমুক্ত একটি পৃথিবী গড়ে তুলতে পারি।



ছবি, উপর থেকে নিচে: ইন্দোনেশিয়ায় ফ্রিডম ফান্ডের অংশীদার SPAN Batulubang-এর কমিটির সদস্যরা ©Armin Hari/ দ্য ফ্রিডম ফান্ড; ব্রাজিলের রেসিফেতে রাজ্য প্রাসাদের উদ্দেশ্যে একটি পদযাত্রায় অংশগ্রহণকারী, শিশুদের বাণিজ্যিক যৌন শোষণ বন্ধ করার জন্য রাজ্য সরকারের প্রচেষ্টা জোরদার করার আহ্বান জানাচ্ছেন ©Natália Corrêa/ দ্য ফ্রিডম ফান্ড; উফিম হারাওয়া-চারওয়া সম্প্রদায়ের সদস্যদের নিয়ে গঠিত একটি কৃষক দলের সদস্য যারা ফল ও শাকসবজি চাষের জন্য জমি লিজ নিতে তাদের সম্পদ জড়ো করেছেন ©Eva Jew/ দ্য ফ্রিডম ফান্ড

# অংশীজনদের আলোচনা প্রক্রিয়ার সারসংক্ষেপ

## পটভূমি

কৌশলগত পরিকল্পনা প্রক্রিয়া সহজতর করার জন্য ফ্রিডম ফান্ড I.G অ্যাডভাইজারদের (I.G.) নিযুক্ত করে। I.G. হলো সামাজিক প্রভাব নিয়ে কাজ করা বৈশ্বিক পর্যায়ের একটি কৌশলগত পরামর্শদাতা প্রতিষ্ঠান যা সরকারি, বেসরকারি ও অলাভজনক খাতের সংযোগস্থলে কাজ করে। ফ্রিডম ফান্ডের সিনিয়র লিডারশিপ টিম ও স্টাফ স্টিয়ারিং কমিটির সহযোগিতায়, I.G. একটি অন্তর্ভুক্তিমূলক ও পুঙ্খানুপুঙ্খ প্রক্রিয়া তৈরি ও নেতৃত্ব দিতে সাহায্য করেছে যা ছিল অংশগ্রহণমূলক, যার লক্ষ্য ছিল প্রতিষ্ঠানের জন্য একটি স্পষ্ট ভবিষ্যৎ দিকনির্দেশনা নির্ধারণ করা।

## প্রক্রিয়া

২০২৪ সাল জুড়ে এই প্রক্রিয়াটি তিনটি ধাপে সম্পন্ন হয়েছিল:

- একটি সূচনা পর্ব, যেখানে আছে মূল অংশীজন গোষ্ঠী/ স্টেকহোল্ডার গ্রুপ , কাজের পদ্ধতি ও প্রণালীর মধ্যে সমন্বয় সাধন করা।
- একটি জ্ঞান সংগ্রহ ও বিশ্লেষণের পর্যায়, যেখানে গুরুত্বপূর্ণ অংশীজন গোষ্ঠীগুলোর সাথে পুঙ্খানুপুঙ্খ আলোচনা করা হবে এবং আলোচনা থেকে প্রাপ্ত মূল ফলাফলগুলোর সংক্ষিপ্তসারসহ একটি বিশ্লেষণ প্রতিবেদন তৈরি করা হবে।
- একটি কৌশল তৈরি ও পরিকল্পনা পর্যায়, যার মধ্যে রয়েছে ফ্রিডম ফান্ডের সিনিয়র লিডারশিপ টিমের সাথে পরিকল্পনা কর্মশালা, খসড়া তৈরি, গুরুত্বপূর্ণ অংশীজন গোষ্ঠীর সাথে পরীক্ষা এবং বোর্ড কর্তৃক পর্যালোচনা ও অনুমোদন।

## অংশীজন/ স্টেকহোল্ডাররা ও পরামর্শ পদ্ধতি

পরামর্শ প্রক্রিয়ায় বিস্তৃত দৃষ্টিভঙ্গি, অভিজ্ঞতা ও ফ্রিডম ফান্ডের সাথে সম্পর্কযুক্ত অংশীজনেরা/ স্টেকহোল্ডাররা ছিলেন। জরিপ, সাক্ষাৎকার, ফোকাস গ্রুপ ও ডেস্ক গবেষণার মাধ্যমে, I.G. দাসপ্রথা বিরোধী খাতের বর্তমান বাস্তুতন্ত্র ও ফ্রিডম ফান্ডের ভূমিকা সম্পর্কে বিভিন্ন প্রশ্ন, এবং একইসাথে সংগঠনের পরিবর্তন তত্ত্ব, কৌশলগত অগ্রাধিকার, কর্মসূচি, লক্ষ্য ও পরিচালনাগত প্রভাব সম্পর্কেও অনুসন্ধান করেছেন।

যারা পরামর্শ প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছেন এবং প্রতিষ্ঠানের কৌশল গঠনে মূল্যবান মতামত প্রদান করেছেন তাদের প্রতি আমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই। এই গোষ্ঠী/ দল সমূহ ও ব্যবহৃত পরামর্শ পদ্ধতিগুলো নিচে তালিকাভুক্ত করা হয়েছে।

| অংশীজন গোষ্ঠী/ স্টেকহোল্ডার | পরামর্শের পদ্ধতি |
|---|---|
| কর্মী | সাক্ষাৎকার, জরিপ, ফোকাস গ্রুপ, ব্যক্তিগত কর্মশালা |
| বোর্ড | সাক্ষাৎকার, জরিপ, ফোকাস গ্রুপ |
| সমকক্ষ সংগঠনের নেতারা, দাতা ও অন্যান্য বাহ্যিক অংশীজন/ স্টেকহোল্ডার | সাক্ষাৎকার, ডেস্ক গবেষণা |
| বর্তমান প্রোগ্রাম গুলোর অনুদানপ্রাপ্ত অংশীদারগণ/ স্টেকহোল্ডার | জরিপ, ফোকাস গ্রুপ |
| কমিউনিটি উপদেষ্টা গোষ্ঠী (পরবর্তী পৃষ্ঠাটি দেখুন) | ফোকাস গ্রুপ |

সকল অংশীজন গোষ্ঠী/ স্টেকহোল্ডার ও পরামর্শ পদ্ধতিগুলোতে ভাষার অন্তর্ভুক্তি একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার ছিল। অংশীদার জরিপগুলো দশটিরও বেশি ভাষায় অনুবাদ করা হয়েছিল এবং স্থানীয় ভাষায় বা দোভাষীর মাধ্যমে ফোকাস গ্রুপগুলোকে সহায়তা করা হয়েছিল। মৌখিক ও লিখিত উভয় ধরণের মাধ্যম ব্যবহার করা হয়েছিল যাতে অংশীজনেরা/ স্টেকহোল্ডার তাদের জন্য সবচেয়ে আরামদায়ক ভাবে/বুঝে মতামত প্রদান করতে পারেন।

## কমিউনিটি অ্যাডভাইসারি গ্রুপ

যদিও ফ্রিডম ফান্ডের অংশীদাররা জরিপ এবং ফোকাস গ্রুপের মাধ্যমে পরামর্শ নিয়েছিল, যাদের মধ্যে অনেকের নেতৃত্বে ছিল সম্প্রদায়ের সদস্য এবং আধুনিক দাসত্বের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিরা, আমরা একটি কমিউনিটি অ্যাডভাইসারি গ্রুপ  গঠন করে আরও সক্রিয় পদ্ধতি গ্রহণ করার চেষ্টা করেছি।এই গ্রুপের ছয় সদস্যকে আধুনিক দাসত্ব মোকাবেলায় তাদের নিজস্ব ও তাদের দলের অগ্রাধিকার সম্পর্কে মতামত প্রদানের দায়িত্ব দেওয়া হয়েছিল। তারা দাসত্ব বিরোধী আন্দোলনে ফ্রিডম ফান্ডের ভূমিকা সম্পর্কিত গুরুত্বপূর্ণ প্রশ্নগুলোতে উপদেষ্টা হিসেবে কাজ করেছিলেন এবং উপস্থাপনা ও নথিপত্রের পর্যালোচনা ও এগুলোর উপরে প্রতিক্রিয়া প্রদান করেছিলেন, যাতে নিশ্চিত করা যায় যে নতুন কৌশলটি বেঁচে ফেরা ব্যক্তিদের (survivors) ও আধুনিক দাসত্ব দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ সম্প্রদায়ের উপর দৃষ্টি আকর্ষণ করা হয়। অভ্যন্তরীণ মনোনয়ন প্রক্রিয়ার মাধ্যমে নিয়োগের পর, সদস্যরা ২০২৪  সালে তিনটি অর্ধ-দিনের কর্মশালায় অংশগ্রহণ করেছিলেন এবং তাদের সময়ের জন্য অর্থ প্রদান করা হয়েছিল।

আমরা কমিউনিটি উপদেষ্টা গ্রুপের সদস্যদের অবদানের জন্য বিশেষ ধন্যবাদ জানাই:

Ganesh Bahadur BK, Rastriya Dalit Network, Nepal

Jessica Nhkum, Kachin Women's Association Thailand (KWAT)

Iweng Karsiwen, KABAR BUMI, Indonesia

Maurine Ayodi, Baridi kwa Baridi Women CBO - Busia, Kenya

Rosana de França, Coletivo Mulher Vida, Brazil

Yenenesh Tilahun, KASMA Charity Organization, Ethiopia

# আমাদের দৃষ্টিভঙ্গি

দাসত্বমুক্ত পৃথিবী

# আমাদের লক্ষ্য

দাসত্ব ব্যাপকভাবে রয়েছে এমন দেশ ও শিল্পগুলোতে আধুনিক দাসত্বের পরিমাপযোগ্য হ্রাস ঘটাতে আমরা সম্মুখ সারির প্রতিষ্ঠান ও আন্দোলনগুলোতে বিনিয়োগ করে থাকি।

**The Freedom Fund (UK)**
Lower Ground
Caledonia House
223 Pentonville Rd
London, N1 9NG
+44 20 3777 2200

**The Freedom Fund (US)**
315 Flatbush Avenue
#406
Brooklyn, NY 11217
USA
+1 929 224 2448

www.freedomfund.org
info@freedomfund.org

The Freedom Fund is a United States 501(c)(3) public charity (EIN number 30-0805768).
The Freedom Fund UK is a company limited by guarantee registered in England and Wales (company number 08926428) and a registered UK charity (registration number 1158838).